

2021 সালের স্টিমুলাস পেমেন্ট

যুক্তরাষ্ট্র সরকারের কাছ থেকে দ্বিতীয় পেমেন্ট

2021 সালের জানুয়ারিতে, বহু আমেরিকান একক ব্যক্তির জন্য সর্বোচ্চ 600 মার্কিন ডলার এবং বিবাহিত দম্পতির জন্য সর্বোচ্চ 1200 মার্কিন ডলার (সাথে 17 বছরের কমবয়সী প্রত্যেক সন্তানের জন্য সর্বোচ্চ 600 মার্কিন ডলার) হিসেবে একটি দ্বিতীয় স্টিমুলাস বা প্রণোদনা পেমেন্ট পাবেন। এই পেমেন্ট পরবর্তীতে পরিশোধ করতে হবে না এবং গ্রহীতাকে এর উপর কর দিতে হবে না। এই পেমেন্ট পাওয়ার যোগ্য ব্যক্তিদের কোনো আবেদন করার প্রয়োজন হবে না। আরও তথ্যের জন্য ভিজিট করুন: <https://www.irs.gov/coronavirus/economic-impact-payments>.

আমি কি কোনো পেমেন্ট পাবো?

স্টিমুলাস পেমেন্ট পাওয়ার যোগ্য বিবেচিত হতে আপনার অবশ্যই সোশ্যাল সিকিউরিটি নম্বর থাকতে হবে এবং আয়ের সীমা (চার্টে দেখুন) পূরণের পাশাপাশি নিচের কোনো একটি শর্ত পূরণ করতে হবে: (1) 2019 সালে কর প্রদান করেছেন; (2) কর প্রদানের মতো পর্যাপ্ত আয় করেন না তবে ফেডারেল ভাতাদি যেমন সোশ্যাল সিকিউরিটির অবসরকালীন অথবা প্রতিবন্ধিত্ব ভাতাদি, সোল্লিমেণ্টাল সিকিউরিটি ইনকাম (SSI), অথবা ভেটেরান অ্যাক্ফেসার্স ভাতাদি পেয়ে থাকেন; অথবা (3) কর প্রদানের মতো পর্যাপ্ত আয় করেন না এবং ফেডারেল ভাতাদি প্রাপ্ত হন না, কিন্তু 21 নভেম্বর, 2020 তারিখের মধ্যে IRS এর "নন-ফাইলারদের" অনলাইন পোর্টালে আপনার তথ্য জমা দিয়েছেন।

আমি আমার অর্থ কিভাবে পাবো?

উপরের সবগুলো শর্ত পূরণ করে থাকলে আপনি আপনার ব্যাংক অ্যাকাউন্টে স্বয়ংক্রিয়ভাবে পেমেন্ট পেয়ে যাবেন অথবা ডাকযোগে একটি চেক পাবেন। যদি আপনি আয়ের সীমার শর্ত পূরণ করেন এবং আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর থাকে, কিন্তু অন্য শর্তগুলো পূরণ না করেন, তাহলে আপনি 2020 সালের ট্যাক্স রিটার্ন দাখিলের সময় আপনার পেমেন্ট দাবি করতে পারবেন।

আমি আমার পেমেন্ট কখন পাবো?

যদি আপনি IRS-কে আপনার ব্যাংক অ্যাকাউন্টের তথ্য দিয়ে থাকেন (আপনার ট্যাক্স রিটার্নের মাধ্যমে অথবা তাদের অনলাইন পোর্টালের মাধ্যমে), তাহলে আপনার স্টিমুলাস পেমেন্ট 2021 সালের জানুয়ারির মাঝামাঝি সময়ের মধ্যে আপনার ব্যাংক অ্যাকাউন্টে জমা হয়ে যাওয়া উচিত। অন্যথায়, সরকার আপনাকে ডাকযোগে একটি স্টিমুলাস চেক পাঠাবে।

<https://www.irs.gov/coronavirus/get-my-payment> ঠিকানায় ভিজিট করে আপনার পেমেন্টের অবস্থা যাচাই করুন। আপনার দ্বিতীয় পেমেন্টটি না পেয়ে থাকলে (অথবা প্রথম পেমেন্ট না পেয়ে থাকলে), অথবা প্রাপ্য পুরো অর্থ না পেয়ে থাকলে আপনি আপনার 2020 সালের ট্যাক্স রিটার্ন দাখিলের সময় সে অর্থ দাবি করতে পারবেন।

আমার স্টিমুলাস পেমেন্ট হিসেবে আমি কী পরিমাণ অর্থ

যদি আপনি...	এবং 2019 সালে আপনার আয় হয়ে থাকে...		
সিঙ্গেল হন	\$75,000 বা তার কম	\$75,001 থেকে \$87,000	\$87,001 বা তার বেশি
বিবাহিত হন	\$150,000 বা তার কম	\$150,001 থেকে \$174,000	\$174,001 বা তার বেশি
সিঙ্গেল, পরিবারের প্রধান হন	\$112,500 বা তার কম	\$112,501 থেকে \$124,500	\$124,001 বা তার বেশি
আপনার প্রাপ্য হতে পারে...	\$600	\$0 থেকে \$600	\$0

পাবো?

অনুবাদক:



এই ডকুমেন্টের তথ্যগুলো আমাদের সর্বোচ্চ সামর্থ অনুযায়ী যাচাই করা হয়েছে কিন্তু এগুলোকে কর সংক্রান্ত অথবা আইনি পরামর্শ হিসেবে বিবেচনা করা উচিত হবে না। পদক্ষেপ গ্রহণের আগে একজন অ্যাকাউন্ট্যান্ট এবং/অথবা আইনজীবীর সঙ্গে আলোচনা করার জোরালো পরামর্শ দেওয়া হলো। আমাদের সর্বোচ্চ প্রচেষ্টা সত্ত্বেও গ্লোবাল ডেট্রয়েট কোনো ভুল বা ত্রুটি না ঘটান নিশ্চয়তা দিতে পারে না, এবং বর্তমান পরিস্থিতির দ্রুত পরিবর্তনশীল প্রকৃতির কারণে প্রকাশিত হওয়ার পরে কিছু পরিবর্তন আসতে পারে যা এই ডকুমেন্টের তথ্যগুলোর নির্ভুলতাকে প্রভাবিত করতে পারে। এই ডকুমেন্ট সর্বশেষ আপডেট করা হয়েছে 14 জানুয়ারি, 2021 তারিখে।

যদি আমি নথিভুক্ত না হই অথবা মিশ্র-অবস্থার পরিবারে বাস করি, তাহলে কী ঘটবে?

যদি আপনি "মিশ্র-অবস্থার" পরিবারে (একজন ব্যক্তির সোশ্যাল সিকিউরিটি নম্বর রয়েছে এবং তিনি এটি নেই এমন একজনের সঙ্গে যৌথভাবে কর প্রদান করে থাকেন) বাস করেন, তাহলে আপনি প্রাপ্তবয়স্ক ব্যক্তি এবং বাড়িতে বাস করা 17 বছরের কমবয়সী এবং সোশ্যাল সিকিউরিটি নম্বর রয়েছে এমন যেকোনো শিশু উভয়দের জন্য দ্বিতীয়-রাউন্ডের স্টিমুলাস পেমেন্ট পাবেন। এটি পূর্বের নীতিমালার একটি পরিবর্তন এবং এটি রেট্রোঅ্যাক্টিভ, অর্থাৎ আপনি আপনার 2020 সালের ট্যাক্স রিটার্নে প্রথম রাউন্ডের স্টিমুলাস পেমেন্ট দাবি করতে পারবেন।

স্বতন্ত্র করদাতা শনাক্তকরণ নম্বরের (ITIN) অধিকারী ব্যক্তির প্রথম-রাউন্ড অথবা দ্বিতীয়-রাউন্ড উভয় পেমেন্টের কোনোটিই পাওয়ার যোগ্য হবেন না। যদি বাবা-মা দুজনের কারোরই সোশ্যাল সিকিউরিটি নম্বর না থাকে, তাহলে তাদের সন্তানের পেমেন্ট পাওয়ার যোগ্য হবে না।

আমি DACA, TPS অথবা H1B-এর আওতাধীন হলে কী ঘটবে?

ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভালস (DACA), টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস (TPS) এবং H1B-এর অধীন ব্যক্তিদের সোশ্যাল সিকিউরিটি নম্বর ইস্যু করা হয়ে থাকে এবং তাই তারা স্টিমুলাস পেমেন্ট পাওয়ার যোগ্যতা রাখেন।

স্টিমুলাস পেমেন্ট কি অন্যান্য ভাতা প্রাপ্তিকে প্রভাবিত করবে?

এই পেমেন্ট সরকারি ভাতা কর্মসূচি যেমন মেডিকইড, সোল্লিমেণ্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (SNAP) এবং পাবলিক হাউজিং, ইত্যাদিতে অংশগ্রহণ করাকে বিপন্ন করবে না।

